



## পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়

মেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮)

৩৭/৩/এ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০

[www.pallisanchaybank.gov.bd](http://www.pallisanchaybank.gov.bd)



স্মারক নং-পসব্য/প্রকা/পরি-৭(৪)/২০২০-২১/ ৪০৮৪

তারিখঃ ০৪/০৪/২০২১খ্রি.

- ১) জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা  
পল্লী সঞ্চয় ব্যাংক, সকল জেলা।
- ২) ব্যবস্থাপক  
পল্লী সঞ্চয় ব্যাংক, সকল শাখা।

বিষয়ঃ এসএমই ঋণের সিলিং বৃদ্ধি প্রসঙ্গে।


আমার বাড়ি আমার খামার (পূর্ব নাম একটি বাড়ি একটি খামার) মাননীয় প্রধানমন্ত্রী দেশের দরিদ্র জনগণের দারিদ্র্যতা বিমোচনো নিমিত্তে ২০০৯ সালে প্রকল্পটি গ্রহণ করেন। উক্ত প্রকল্পটিকে প্রাতিষ্ঠানিক রূপ দেয়ার জন্য ২০১৪ সালে আইনের মাধ্যমে পল্লী সঞ্চয় ব্যাংক সৃষ্টি করা হয়। ব্যাংকের গ্রাহকদেরকে উদ্যোক্তা হিসেবে তৈরীর নিমিত্তে ব্যাংক ২০১৮ সাল হতে উদ্যোক্তা ঋণ প্রদান করে আসছে। মুজিব বর্ষ উপলক্ষে ব্যাংক ১ লক্ষ উদ্যোক্তা সৃষ্টির পরিকল্পনা গ্রহণ করেছে। গ্রাহকদের চাহিদার প্রেক্ষিতে উদ্যোক্তা ঋণের সিলিং বৃদ্ধির বিষয়ে শাখাসমূহ হতে অনুরোধ করা হচ্ছে। বিষয়টি পরিচালনা বোর্ডের ১৪/০৩/২০২১ তারিখে অনুষ্ঠিত ৬০তম সভায় উপস্থাপন করা হলে বোর্ড নিম্নবর্ণিতভাবে এসএমই ঋণের সিলিং বৃদ্ধির সিদ্ধান্ত প্রদান করেঃ

ক্রমিক নং	বিবরণ	বর্তমান সিলিং	পুনর্নির্ধারিত সিলিং
১)	১ম ধাপে	৫০,০০০/- টাকা	১,০০,০০০/- টাকা
২)	২য় ধাপে	৭০,০০০/- টাকা	১,৫০,০০০/- টাকা
৩)	৩য় ধাপে	১,০০,০০০/- টাকা	২,০০,০০০/- টাকা
৪)	৪র্থ ধাপে	২,৫০,০০০/- টাকা	২,৫০,০০০/- টাকা

০২। উক্ত ঋণ বিতরণের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিধি বিধান অনুসরণ করতে হবেঃ

- (ক) এসএমই ঋণ নীতিমালা যথাযথভাবে অনুসরণ করতে হবে।
- (খ) ঋণের টাকা সদ্ব্যবহার নিশ্চিত করতে হবে।
- (গ) ঋণ বিতরণে কোন প্রকার জাল জালিয়াতির আশ্রয় গ্রহণ করা হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৩। এমতাবস্থায়, যথাযথ নিয়ম অনুসরণ করে এসএমই ঋণ মঞ্জুর ও বিতরণের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

  
৪.৪.২১

(আকবর হোসেন)

ব্যবস্থাপনা পরিচালক (অতিঃ সচিব)

পল্লী সঞ্চয় ব্যাংক

অনুলিপি সদয় অবগতি জন্য প্রেরণ করা হলোঃ

- ১) চেয়ারম্যান, পল্লী সঞ্চয় ব্যাংক।
- ২) প্রকল্প পরিচালক, আমার বাড়ি আমার খামার প্রকল্প।
- ৩) জেলা প্রশাসক, -----জেলা।
- ৪) উপজেলা নির্বাহী অফিসার, -----উপজেলা।
- ৫) নথি।